কানাইঘাটে কাঠমিস্ত্রীর লাশ উদ্ধার, হত্যা না আত্মহত্যা?

চেম্বার প্রতিবেদক: সিলেটের কানাইঘাট উপজেলায় শুক্কুর (২৬) নামের এক কাঠ মিস্ত্রীর মরদেহ উদ্ধার করেছে থানা পুলিশ।

ঝুলন্ত লাশ উদ্ধারের ঘটনাটি নিয়ে নানা প্রশ্ন দেখা দিয়েছে।এটা খুন না কি আত্মহত্যা, এ নিয়ে ধুম্রজাল সৃষ্টি হয়েছে।

শুক্রবার সকালে পুলিশ লাশ উদ্ধার করে নিহতের ময়নাতদন্তের জন্য মর্গে প্রেরন করা হয়েছে।

এর পূর্বে শুক্রবার সকাল ১০ টার দিকে উপজেলার বাণীগ্রাম ইউনিয়নের মাছুখার বাজারের শিবলু আহমদের ফার্নিচার থেকে শুক্কুরের ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়।
স্থানীয়রা জানান, শুক্কুরের লাশ গলায় রশি পেঁচানো হাঁটুগাড়া অবস্থায় পাওয়া গেছে। মৃত্যেুর ধরণ দেখে অনেকে এটাকে হত্যা করে আত্মহত্যার আলামত তৈরি করা হয়েছে বলে মনে করছেন।

মৃত শুক্কুর বানীগ্রাম ইউপির কায়স্তগ্রামের গ্রামের আব্দুন নূরের ছেলে। শুক্কুর মাছুখাল বাজারে নয়াগ্রামের শিবলু আহমদের ফার্ণিচারে চুক্তিভিত্তিক কাঠ মিস্ত্রীর কাজ করে।

জানা যায়, বৃহস্পতিবার রাতে প্রতিদিনের মতো ফার্নিচারের কাজ করে দোকানেই থাকেন শুক্কুর। রাত ১২ টা পর্যন্ত শুক্কুরকে ফার্ণিচারের ঘরে কাজ করতে দেখেন স্থানীয়রা। সকালে দোকান না খুললে লোকজন ডাকাডাকি করেন। কোন সাড়া শব্দ না পেয়ে অন্য একটি দোকানের উপর দিয়ে ফার্নিচারের ভিতরে লক্ষ্য করলে শুক্কুরকে রশিতে ঝুলানো দেখা যায়। পরে পুলিশকে খবর দিলে তার মরদেহ উদ্ধার করা হয়।
পারিবারিক সূত্রে জানা যায়, শুক্কুর বিবাহিত ও ১ ছেলে সন্তানের জনক।

মৃত্যুর ঘটনা নিয়ে যে ধূম্রজাল সৃষ্টি হয়েছে, তা দূর করা খুব জরুরি বলে মনে করছেন এলাকাবাসী।

কানাইঘাট থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল আউয়াল বলেন,

শুক্কুরের মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে প্রেরণ করা হয়েছে।

পুরো বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে জানিয়ে ওসি আরো বলেন,প্রাথমিকভাবে মনে হচ্ছে আত্মহত্যা। তবে
ময়নাতদন্তের রিপোর্টের পরে বিস্তারিত জানা যাবে।